

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

পঞ্চম শ্রেণি

বাংলা

পূর্ণমান : ১৫

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৩=৩
- ১.১ 'গল্পবুড়ো' কবিতায় গল্পবুড়ো এসেছেন —
- (ক) শরৎকালে (খ) শীতকালে  
(গ) বর্ষাকালে (ঘ) গ্রীষ্মকালে
- ১.২ 'দেখবি যদি জলদি আয়।' 'জলদি' শব্দের অর্থ —
- (ক) ভোরবেলায় (খ) তাড়াতাড়ি  
(গ) ছুটে (ঘ) ঘুম থেকে উঠে
- ১.৩ 'প্রখর প্রত্যুষে।' 'প্রখর' শব্দের অর্থ —
- (ক) কনকনে (খ) অসহ্য  
(গ) তীব্র (ঘ) আরামদায়ক
২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও : ১×৩=৩
- ২.১ গল্পবুড়োর তল্লিটি কোথায় রয়েছে ?  
২.২ গল্পবুড়োর ঝোলায় কোন্ পাহাড়ের গল্প আছে ?  
২.৩ 'এই থলেতে বন্দিনি।' —থলেতে কে 'বন্দিনি' অবস্থায় আছে ?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬
- ৩.১ গল্পবুড়ে দিনের কোন সময়ে গল্প শোনাতে আসেন ?  
৩.২ গল্পবুড়োর মুখে ব্যথা হয়েছে কেন ?  
৩.৩ 'বলব নাকো রূপকথা।' —গল্পবুড়ো কাদের রূপকথা শোনাতে না ?
৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো : ৩
- গল্পবুড়োর ঝোলায় কী কী ধরনের গল্প রয়েছে তা কবিতা থেকে প্রাসঙ্গিক উদ্ভৃতিসহ আলোচনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।